

## জিপিএ-৫ হচ্ছে জিপিএ-৪

সব ধরনের পাবলিক পরীক্ষায় এখন থেকে ফলাফলের ক্ষেত্রে পুরোনো পদ্ধতি জিপিএ-৫ এর পরিবর্তে নির্ধারণ করা হয়েছে জিপিএ-৪। একই গ্রেডিং পদ্ধতি বিশ্ববিদ্যালয় থেকে জেএসসি পর্যন্ত বাস্তবায়ন করা হবে।

চলতি বছর নভেম্বরে আয়োজিত জেএসসি-জেডিসি পরীক্ষা থেকে নতুন পদ্ধতি কার্যকর হবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের গ্রেডিং পদ্ধতির সঙ্গে সমন্বয় রেখে নতুন জিপিএ পদ্ধতি বাস্তবায়ন করা হবে। এটি বহির্বিশ্বের সঙ্গেও সমন্বয় থাকছে।

গ্রেড পরিবর্তন প্রস্তাবনায় দেখা গেছে, জেএসসি-জেডিসি, এসএসসি-সমমান, এইচএসসি-সমমান পরীক্ষায় নম্বরের ভিত্তিতে সর্বোচ্চ জিপিএ-৪ করা হবে। এক্ষেত্রে ৯০-১০০ পর্যন্ত এ প্লাস জিপিএ-৪, ৮০-৮৯ পর্যন্ত 'এ' ৭০-৭৯ বি প্লাস, ৬০-৬৯ 'বি' ৫০-৫৯ 'সি' প্লাস, ৪০-৪৯ 'সি' ৩০-৩৯ 'ডি' এবং শূন্য থেকে ৩২ 'এফ' গ্রেড বা ফেল নির্ধারণ করা হয়েছে।

সভায় শিক্ষামন্ত্রী বলেন, যেহেতু এটি একটি বড় কর্মসূচি, তাই এটি চূড়ান্ত করার আগে আরো দুই-একটি সভা করা প্রয়োজন। বিশ্বের সঙ্গে সমন্বয় রেখে গ্রেড পদ্ধতি পরিবর্তন করা হচ্ছে। কোনো পরিবর্তনের ফলে কেউ যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়টি মাথায় রাখতে হবে। উন্নত বিশ্বের অনেক দেশে একই গ্রেডিং পদ্ধতি অনুসরণ করা হচ্ছে, সে বিষয়টি সঙ্গে তাল মিলিয়ে আমাদের শিক্ষার্থীদের সুবিধার্থে গ্রেড পরিবর্তন করা জরুরি হয়ে পড়েছে।